

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭।  
www.nanl.gov.bd

বিষয়ঃ ১৭/০৯/২০১৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী-

সভাপতি : মোঃ হারিছ সরকার, প্রোগ্রামার।  
বার : সোমবার  
তারিখ : ১৭/০৯/২০১৮  
সময় : ০২.৩০ টা।  
স্থান : সভাপতির অফিস কক্ষ  
সভায় নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন-


- ০১। জনাব মোঃ জামাল উদ্দিন, চীফ বিবলিওগ্রাফার/উপপরিচালক (চলতি দায়িত্বে)।
- ০২। জনাব মোঃ মিজানুর রহমান, মাইক্রোফিল্ম অফিসার।
- ০৩। জনাব মোঃ ইলিয়াছ মিয়া, গবেষণা কর্মকর্তা।
- ০৪। জনাব মোঃ নূর হোসেন চৌধুরী, জুনিয়র মাইক্রোফিল্ম এন্ড ফটোস্ট্যাটিং অফিসার।
- ০৫। জনাব মোঃ আলী আকবর, এসটিএ।
- ০৬। জনাব হাম্মাদুর রহমান, এস.টি.এ (লাইঃ)।
- ০৭। জনাব মোঃ আলমগীর, হিসাব রক্ষক।
- ০৮। জনাব মোঃ তৌহিদ ইমাম, জেটিএ (লাইঃ)।

আলোচনাঃ কমিটির সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সভাপতি সময় মতো অফিসের আসা-যাওয়ার ব্যাপারে মহাপরিচালক কর্তৃক জারিকৃত পত্রের বিষয়ে সভাকে অবহিত করেন এবং সকলকে সময়মতো অফিসে আসা-যাওয়ার জন্য অনুরোধ করেন। তারপর কমিটির সদস্য জনাব মোঃ তৌহিদ ইমাম বলেন যে, কোন কর্মকর্তা/কর্মচারী অবসরে গ্রহণ করলে তার স্থলে নতুন কর্মকর্তা/কর্মচারী দায়িত্ব পান এবং পরবর্তী কালে ঐ পদে পদোন্নতি পেয়ে থাকেন। সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে কোন কর্মকর্তা/কর্মচারী অবসরে যাওয়ার ৬ (ছয়) মাস পূর্বে পদোন্নতিযোগ্য কর্মকর্তা/কর্মচারীকে তার সাথে কাজ করা বাধ্যতামূলক করা উচিত। অন্যথায় কাজের গতি মন্থর হয় যায় এবং সেবা বিলম্বিত হয়। ফলে সুশাসন প্রতিষ্ঠায় বাধা সৃষ্টি হচ্ছে। এরপর কমিটির সদস্য জনাব মোঃ ইলিয়াছ মিয়া বলেন যে, সুশাসন প্রতিষ্ঠা ও নিরপেক্ষতা নিশ্চিত করার জন্য প্রশাসন সংক্রান্ত কাজের যেকোন কমিটিতে প্রশাসনের একজন কর্মকর্তা/কর্মচারীকে সদস্য হিসেবে রাখা যেতে পারে।

সিদ্ধান্তঃ

- ০১। সকলকে সময় মতো অফিসে আসা-যাওয়া নিশ্চিত করতে হবে।
- ০২। সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে কোন কর্মকর্তা/কর্মচারী অবসরে যাওয়ার ৬ (ছয়) মাস পূর্বে পদোন্নতি যোগ্য কর্মকর্তা/কর্মচারীকে তাহার সাথে কাজ করার ব্যবস্থা করতে হবে।
- ০৩। সুশাসন প্রতিষ্ঠা ও নিরপেক্ষতা নিশ্চিত করার জন্য প্রশাসন সংক্রান্ত কাজের যেকোন কমিটিতে প্রশাসনের একজন কর্মকর্তা/কর্মচারীকে সদস্য হিসেবে রাখার ব্যবস্থা করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কমিটির সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ হারিছ সরকার)  
প্রোগ্রামার

ও

সভাপতি, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। উপপরিচালক (আরকাইভস), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ০২। চীফ বিবলিওগ্রাফার/ উপপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ০৩। সকল সদস্য, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ০১। মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সংশ্লিষ্ট নথি।